

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
চাকা।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফইআইডি সার্কুলার পত্র নং-০১/২০১৬

তারিখ : ২৪ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ  
০৮ আগস্ট, ২০১৬ খ্রিষ্টাব্দ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত  
ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস।

প্রিয় মহোদয়,

প্রশ্নযোগ্য পরিচিতির বিদেশী পক্ষ থেকে আকর্ষণীয় বৈদেশিক  
বিনিয়োগের প্রলোভনের বিষয়ে সতর্কতা প্রসংগে।


কেন্দ্রীয় ব্যাংক/আর্থিক খাত তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের লাইসেন্সধারী সুনাম ও সংগতি সম্পন্ন অর্থায়ন প্রতিষ্ঠান নয় এমন পক্ষ থেকে বাংলাদেশের উদ্যোক্তারা অনেক সময় বড়ো বড়ো অংকের আপাতঘন্টে আকর্ষণীয় বৈদেশী বিনিয়োগ যোগানের প্রস্তাব পেয়ে থাকেন, তাঁরা এসব প্রস্তাব নিয়ে কর্তৃপক্ষীয় সম্মতি/অনাপত্তি/অনুমোদন লাভের জন্য ব্যাংকগুলোর বা সরকারী মন্ত্রণালয়/বিভাগগুলোর দ্বারাস্থ হন।

প্রশ্নযোগ্য পরিচিতির ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে পাওয়া এসব তহবিল যোগান প্রস্তাব সাধারণতঃ তথ্যগতভাবে অসম্পূর্ণ, অস্বচ্ছ প্রকৃতির হয়ে থাকে; যা থেকে বিনিয়োগের জন্য প্রস্তাবিত তহবিল অপরাধ বা সন্ত্রাসমূলক তৎপরতা উৎসের না হওয়া সম্পর্কে নিশ্চিত হওয়া যায় না। আয় ক্ষেত্রেই প্রলোভনমূলক প্রস্তাবগুলোর মূল উদ্দেশ্য থাকে বিনিয়োগ নয়, বরং বিনিয়োগ এনে দেবার প্রতিশ্রুতিতে প্রলুক্স সরলমনা উদ্যোক্তাদের থেকে প্রাথমিক ব্যয়ের নামে কিছু অর্থ আদায় করা।

০২. এ ধরণের প্রলোভনমূলক প্রস্তাবের সূত্রে প্রতারিত, ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকি সম্পর্কে ব্যাংকগুলোর দিক থেকে স্বীয় নির্বাহীদের মধ্যে, এবং তাদের উদ্যোক্তা গ্রাহক পক্ষদের মধ্যে সচেতনতা, সতর্কতা বৃদ্ধির পদক্ষেপ নেয়া সমীচীন হবে। গ্রাহকদের হাতে পাওয়া বিনিয়োগ প্রস্তাবগুলোয় বিনিয়োগ তহবিল যোগানকারীর পরিচিতি, সুনাম ও সংগতির তথ্যাদির যথার্থতা যাচাই, এবং প্রয়োজনমত পূর্ণাঙ্গত তথ্যাদি চাওয়া এ জন্য গুরুত্বপূর্ণ হবে। বিনিয়োগ প্রস্তাবে উল্লেখ করা পদ্ধতিগত প্রক্রিয়ায় প্রথিতযশা আঙর্জাতিকভাবে সক্রিয় কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতার উল্লেখ থাকলে সেটির যথার্থতা সম্পর্কে ঐ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান থেকে নিশ্চিত হবার পরই কেবল পরবর্তী কোন পদক্ষেপ বিবেচনা বাঞ্ছনীয় হবে। স্থানীয় উদ্যোক্তা গ্রাহকের হাতে পাওয়া বিদেশী বিনিয়োগ প্রস্তাব প্রাথমিক পরীক্ষায় সন্দেহজনক প্রতীয়মান হলে গ্রাহককে সে বিষয়ে যথাযথভাবে অবহিত করে সতর্কতার উপদেশ দেয়ার দায়িত্ব ব্যাংকগুলোকে যথাযথভাবে পালন করতে হবে।

০৩. এ বিষয়ে আপনাদের আধিক্যলিক ও শাখা পর্যায়ের সকল কার্যালয়ের সংশ্লিষ্ট নির্বাহীদেরকে এবং তাদের মাধ্যমে আপনাদের উদ্যোগত গ্রাহক পক্ষগুলোকে যথাযথভাবে অবহিত করার অনুরোধ জানানো যাচ্ছে; গৃহীত ব্যবস্থা সম্পর্কে এই পত্রের তারিখের দুই সপ্তাহের মধ্যে অত্র বিভাগকে অবগতি করারও অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বাস,



(এ. এন. এম. আবুল কাশেম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৪৪

ই-মেইল: [anmabul.kashem@bb.org.bd](mailto:anmabul.kashem@bb.org.bd)